

Prime Minister's Telephone Conversation with Crown Prince Mohd. Bin Salman of Saudi Arabia

March 17, 2020

সৌদি আরবের যুবরাজ মহম্মদ বিন সলমনের সাথে মাননীয় প্রধানমন্ত্রীর টেলিফোনে বাক্যালাপ

মার্চ 17, 2020

আজ সৌদি আরব রাজ্যের যুবরাজ মহামান্য মহম্মদ বিন সলমনের সাথে মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী টেলিফোনে বাক্যালাপ করেছেন। কোভিড-19 অতিমারির পরিপ্রেক্ষিতে বিশ্ব পরিস্থিতি নিয়ে দুই নেতা আলোচনা করেছেন।

এই বিশ্বব্যাপী চ্যালেঞ্জ যা কেবলমাত্র হাজার হাজার মানুষের স্বাস্থ্য এবং ভালো থাকার উপরে প্রবল প্রভাব বিস্তার করছে যা কিনা বিশ্বের অনেক অংশে অর্থনীতির উপর ক্ষতিকর প্রভাব বিস্তার করার বিপদ সংকেত জ্ঞাপন করছে তাকে সঠিকভাবে প্রতিরোধ করতে সমন্বয়মূলক প্রচেষ্টার প্রয়োজনের উপর মাননীয় প্রধানমন্ত্রী জোর দিয়েছেন।

এর পরিপ্রেক্ষিতে মাননীয় প্রধানমন্ত্রী উল্লেখ করেছেন যে সম্প্রতি ভারত সার্কভুক্ত দেশগুলিকে নিয়ে একটি ভিডিও সম্মেলন সংগঠিত করার উদ্যোগ করেছে।

জি20 র সভাপতি হিসেবে সৌদি আরবের পৃষ্ঠপোষকতায় জি20 স্তরে নেতাদের নিয়ে একই রকম অনুশীলন কার্যক্রমী হতে পারে এই ব্যাপারে দুই নেতাই সহমত হয়েছেন। উভয়েই কোভিড-19 এর বিশ্বব্যাপী প্রাদুর্ভাব যে চ্যালেঞ্জ তৈরি করেছে তার প্রতিকার করতে নির্দিষ্ট কর্মপন্থা নিয়ে আলোচনা এবং বিশ্বের জনগনের মধ্যে আস্থা সঞ্চার করতে চেয়েছেন।

মাননীয় প্রধানমন্ত্রী এবং যুবরাজ সিদ্ধান্ত নিয়েছেন যে তাদের আধিকারিকরা এই বিষয়ে ঘনিষ্ঠ সংযোগ রেখে চলবেন।

নিউ দিল্লি

মার্চ 17, 2020

DISCLAIMER : This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.